

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৮৯৬

৫৬/ জিহাদ ও যুদ্ধকালীন আচার ব্যবহার (کتاب الجهاد والسیر)

পরিচ্ছেদঃ ৫৬/৭৬. দুর্বল ও সৎলোকদের (দু'আয়) উসিলায় যুদ্ধে সাহায্য চাওয়া।

بَابُ مَنْ اسْتَعَانَ بِالضُّعَفَاءِ وَالصَّالِحِيْنَ فِي الْحَرْبِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَلْحَةَ عَنْ طَلْحَةَ عَنْ مُصِعْبِ بْنِ سَعْدٍ قَالَ رَأَى سَعْدٌ أَنَّ لَهُ فَضِلْاً عَلَى مَنْ دُوْنَهُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم هَلْ تُنْصَرُوْنَ وَتُرْزَقُوْنَ إِلَّا بِضُعَفَائِكُمْ

বাংলা

وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَخْبَرَنِيْ أَبُوْ سُفْيَانَ قَالَ لِيْ قَيْصَرُ سَأَلْتُكَ أَشْرَافُ النَّاسِ اتَّبَعُوْهُ أَمْ ضُعَفَاؤُهُمْ فَزَعَمْتَ ضُعَفَاءَهُمْ وَهُمْ أَتْبَاعُ الرُّسُلِ

ইবনু 'আব্বাস (রাঃ) বলেন যে, আবূ সুফ্ইয়ান (রাঃ) আমার নিকট বর্ণনা করেছেন যে, রোম সম্রাট কায়সার আমাকে বললেন, আমি তোমাকে জিজ্ঞেস করছিলাম তাঁর অনুসরণ করছে প্রভাবশালী ব্যক্তি, না তাদের মধ্যে দুর্বলরা? তুমি বলছ যে, তাদের মধ্যকার দুর্বলরা-এরাই রাসূলদের অনুসারী হয়।

২৮৯৬. মুস'আব ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন সা'দ (রাঃ)-এর ধারণা ছিল অন্যদের চেয়ে তাঁর মর্যাদা অধিক। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'তোমরা দুর্বলদের (দু'আয়) ওয়াসীলায়ই সাহায্য প্রাপ্ত ও রিক্ষ প্রাপ্ত হচছ।' (৩৫৯৪, ৩৬৪৯) (আধুনিক প্রকাশনীঃ ২৬৮২, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৬৯৩)

English

Narrated Mus`ab bin Sa`d:

Once Sa'd (bin Abi Waqqas) thought that he was superior to those who were below him in rank. On that the Prophet (ﷺ) said, "You gain no victory or livelihood except through (the blessings and invocations of) the poor



amongst you."

হাদিসের শিক্ষা

- ১। প্রকৃত ইসলাম ধর্ম সাধারণভাবে মুসলিম জাতির মধ্যে পারস্পরিক সুসম্পর্ক ও সহযোগিতার নীতি এবং পারস্পরিক শ্রদ্ধা ও সম্মান করার বিধান স্থাপন করা এবং তা মেনে চলার প্রতি উৎসাহ প্রদান করে।
- ২। প্রকৃত ইসলাম ধর্ম গরীবদের যত্ন ও সাহায্য সহযোগিতা করার প্রতি আহ্বান জানায়।
- ৩। এই হাদীসটির দ্বারা সাব্যস্ত হয় যে, গরীবদের মাধ্যমে দুশমনদেরকে দমন করা যায় ও তাদের অমঙ্গল হতে রক্ষা পাওয়া যায় এবং ধনীদের জীবিকার সম্প্রসারণ হয়। তাই গরীবদের সম্মান করা উচিত। আর অহংকার করে তাদেরকে অগ্রাহ্য করা উচিত নয়। অতএব তাদেরকে কোনো সময় তুচ্ছতাচ্ছিল্য করা বৈধ নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন